# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম



১০১৪/নিউ সিডিএ এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম
**E-mail** : ic@bise-ctg.gov.bd, **Website**: www.bise-ctg.gov.bd

স্মারক নং : চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/৩৩৩১ (৩০০) তারিখ : ১০/০৯/২০২৬ খ্রি.

**বিষয়ঃ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিশেষ চাহিদা সম্পন্ন ও অন্যান্য কোটায় শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে।**

সূত্রঃ
১। শিক্ষা মন্ত্রণালয়ের আরক নং-৩৭,০০,০০০০,০৬৭.১৪.০১.২০১৬-২৪২, তারিখ: ২৪/০৮/২০২৬
২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২২৪/ক/শিম/২০১২ (কলেজ)/১৫৯০, তারিখ: ২৪/০৮/২০২৬
৩। আন্ত: শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি,র স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬১১ তারিখ: ০৬/০৯/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিশেষ কোটায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে যে সকল শিক্ষার্থী বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জিপিএ এক্ষেত্রে শিথিলযোগ্য হবে)। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধূলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীগণ ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে)। এক্ষেত্রে বোর্ড উপযুক্ত প্রমাণক যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীর ভর্তির ব্যবস্থা নিবে। আগামী ১৫/০৯/২০২৬ তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।

১০/৯
2026

(প্রফেসর মোহাম্মদ মোছলেহ্ উদ্দীন)
উপ-কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

বিতরণ :
সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ